

সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী সাহারা খাতুন-এর মৃত্যুতে  
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শোক প্রকাশ



দেশের প্রথম নারী স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে ইতিহাসের পাতায় ঠাঁই করে নেওয়া **সাহারা খাতুন** ৯ জুলাই (বৃহস্পতিবার) রাতে থাইল্যান্ডের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য **অধ্যাপক ড. মীজানুর রহমান** ও কোষাধ্যক্ষ **অধ্যাপক ড. কামালউদ্দিন আহমদ** তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

সাহারা খাতুন এর মৃত্যুতে বাঙালি জাতি তাঁর এক শ্রেষ্ঠ সন্তান ও নেতাকে হারালো। তাঁর মৃত্যুতে জাতীয় নেতৃত্বে যে শূন্যতা সৃষ্টি হল তা সহজে পূরণ হবার নয়।

উল্লেখ্য, ভূগমূল থেকে লড়াই করে রাজনীতির শীর্ষ পর্যায়ে উঠে আসেন সাহারা খাতুন। তিনি আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং ঢাকা-১৬ আসনে সংসদ সদস্য ছিলেন। ২০০৯ সালের আওয়ামীলীগ সরকারে তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পালন করেন। এছাড়াও বহু আন্দোলন সংগ্রামে তিনি সম্মুখ সারির নেত্রী ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার মরহমের বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছে।